# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৭৮

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ পুণ্যের পথ অনেক

আরবী

عَنْ أَبيْ مُوسَى عَنِ النَّبِيِّ ﷺ قَالَ عَلَى كلّ مُسْلِمٍ صَدَقَةٌ قَالَ : أرأيتَ إنْ لَمْ يَجِدْ ؟ قَالَ يَعْمَلُ بِيَدَيْهِ فَيَنْفَعُ نَفْسَهُ وَيَتَصَدَّقُ قَالَ : أرأيتَ إن لَمْ يَسْتَطِعْ ؟ قَالَ يُعِينُ ذَا الحَاجَةِ المَلْهُوفَ قَالَ : أرأيتَ إنْ لَمْ يَستَطِعْ قَالَ يَأمُرُ بِالمعْرُوفِ أوِ الخَيْرِ قَالَ : أَرأَيْتَ إنْ لَمْ يَفْعَلْ ؟ قَالَ يُمْسِكُ عَن الشَّرِّ فَإنَّهَا صَدَقَةٌ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

আল্লাহ তা’আলা বলেন,

وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ فَإِنَّ اللهَ بِهِ عَلِيمٌ

অর্থাৎ, তোমরা যে কোন সৎকাজ কর না কেন, আল্লাহ তা সম্যকরূপে অবগত। (সূরা বাক্বারা ২১৫ আয়াত)

তিনি আরো বলেন,

وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ يَعْلَمْهُ الله

অর্থাৎ, তোমরা যে সৎকাজ কর, আল্লাহ তা জানেন। (ঐ ১৯৭ আয়াত) তিনি আরো বলেন,

فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْراً يَرَهُ

অর্থাৎ, কেউ অণু পরিমাণ সৎকর্ম করে থাকলেও সে তা দেখতে পাবে। (সূরা যিলযাল ৭ আয়াত)

তিনি আরো বলেন,

مَنْ عَمِلَ صَالِحاً فَلِنَفْسِهِ

অর্থাৎ, যে সৎকাজ করে, সে নিজ কল্যাণের জন্যই তা করে। (সূরা জাসিয়াহ ১৫ আয়াত)

(এ বিষয়ে আয়াত অনেক রয়েছে এবং হাদীসও অগণিত রয়েছে। তার মধ্যে কিছু আমরা বর্ণনা করব।)

---

(৪৭৮) আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, প্রত্যেক মুসলিমের উপর সাদকাহ করা জরুরী। আবূ মূসা (রাঃ) জিজ্ঞাসা করলেন, যদি সে সাদকাহ করার মত কিছু না পায় তাহলে? তিনি বললেন, সে তার হাত দ্বারা কাজ করে (পয়সা উপার্জন করবে) অতঃপর তা থেকে সে নিজে উপকৃত হবে এবং সাদকাও করবে। পুনরায় আবূ মূসা (রাঃ) বললেন, যদি সে তাও না পারে? তিনি বললেন, যে কোন অভাবী বিপন্ন মানুষের সাহায্য করবে। আবূ মূসা (রাঃ) বললেন, যদি সে তাও না পারে? তিনি বললেন, সে মানুষকে ভাল কাজের নির্দেশ দেবে। আবূ মূসা (রাঃ) বললেন, যদি সে এটাও না পারে? তিনি বললেন, সে (অপরের) ক্ষতি করা থেকে বিরত থাকবে। কারণ, সেটাও হল সাদকাহ স্বরূপ।

## ফুটনোট

(বুখারী ১৪৪৫, ৬০২২, মুসলিম ২৩৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63997

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন